

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬১১

১/ বিবিধ

আরবী

ما خاب من استخار، ولا ندم من استشار، ولا عال من اقتصد  
موضوع

رواه الطبراني في " الصغير " (ص 204) عن عبد القدوس بن عبد السلام بن عبد القدوس: حدثني أبي عن جدي عبد القدوس بن حبيب عن الحسن عن أنس مرفوعا. وقال: " لم يروه عن الحسن إلا عبد القدوس تفرد به ولده عنه قلت: عبد القدوس الجد: كذاب، وابنه اتهمه بالوضع ابن حبان كما سيأتي في الحديث (767). والحديث عزاه السيوطي في " الجامع " للطبراني في " الأوسط " فقط وهو قصور، وكذلك عزاه له الحافظ في " اللسان "، ومنه تبين أن السند واحد. فلم يحسن السيوطي بإيراده في " الجامع " مع تفرد هذا الكذاب به

বাংলা

৬১১। যে ব্যক্তি ইসতিখারা (মঙ্গল প্রার্থনা) করবে সে ক্ষতিগ্রস্ত হবে না। যে ব্যক্তি পরামর্শ করবে সে অনুতপ্ত হবে না। যে ব্যক্তি মধ্যমপন্থা অবলম্বন করে চলবে সে কারো মুখাপেক্ষী হবে না।

হাদীছটি জাল।

এটি তাবারানী “মুজামুস সাগীর” (পৃঃ ২০৪) গ্রন্থে আব্দুল কুদ্দুস ইবনু আবদিস সালাম ইবনে আদিল কুদ্দুস হতে তিনি তার পিতা হতে তিনি তার দাদা আব্দুল কুদ্দুস ইবনু হাবীব হতে তিনি হাসান হতে ... বর্ণনা করেছেন। তাবারানী বলেনঃ হাসান হতে আব্দুল কুদ্দুস এককভাবে এবং তার ছেলে তার থেকে এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ দাদা আব্দুল কুদ্দুস মিথ্যুক। আর ছেলেকে ইবনু হিব্বান জাল করার দোষে দোষী করেছেন। যেমনটি ৭৬৭ নং হাদীছে আসবে।

সুযুতী হাদীছটি "আল-জামে" গ্রন্থে শুধুমাত্র তাবরানীর "মুজামুল আওসাত" গ্রন্থের উদ্ধৃতিতে উল্লেখ করেছেন। অনুরূপভাবে হাফিয় ইবনু হাজার "আল-লিসান" গ্রন্থে উল্লেখ করেছেন। এ হতে বুঝা যাচ্ছে যে সনদ একই। মিথ্যুক ব্যক্তি এককভাবে বর্ণনা করা সত্ত্বেও সুযুতী কর্তৃক "আল-জামে" গ্রন্থে উল্লেখ করা সঠিক হয়নি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71490>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন